



স্মারক নং ১৩.০১.২৯২১.০০২.৫৭.০০২.২২-২৯০

তারিখ: ০৪/০৯/২০২৩খ্রি.


“ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

“খাদ্যবান্ধব কর্মসূচির” আওতায় ফরিদপুর জেলার চরভদ্রাসন উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন সমূহের পার্শ্বে উল্লেখিত হাট-বাজার/বিক্রয় কেন্দ্রের জন্য শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কিছু সংখ্যক ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ২০/০৯/২০২৩খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে দরখাস্তের আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়ন	হাট-বাজার/বিক্রয় কেন্দ্রের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা
১.	চরভদ্রাসন	পাইলট হাইস্কুল মার্কেট	খাদ্যবান্ধব ডিলার	০১(এক)টি
২.	চর হরিরামপুর	আমিন খীর হাট	খাদ্যবান্ধব ডিলার	০১(এক)টি
৩.	গাজিরটেক	ছাহের মোল্যার বাজার	খাদ্যবান্ধব ডিলার	০১(এক)টি

শর্তাবলী :

- আবেদনকারীর সংশ্লিষ্ট বিক্রয় কেন্দ্রে/বাজারে নিজস্ব/ভাড়া দোকান থাকতে হবে;
- আবেদনকারীকে খাদ্যশস্য/সাধারণ ব্যবসায়ী হতে হবে;
- আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে;
- আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫.০০০(পনের) মে.টন খাদ্যশস্য ০১ (এক) মাস সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে;
- আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে এবং রেজিষ্টার প্রতিপালনসহ হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
- খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্ৰাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ দেয়া হবে না;
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবে না;
- কোন সরকারী কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবে না;
- ডিলারের নিকট থেকে ২০,০০০ (বিশ হাজার) টাকা পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) জামানত গ্রহণ করা হবে এবং নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/- (তিনশত) টাকার (পরিবর্তনযোগ্য) ননজ্যুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (নির্ধারিত মডেলে) নেওয়া হবে;
- আগ্রহী প্রার্থীকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর(নিম্নস্বাক্ষরকারীর দপ্তর), চরভদ্রাসন, ফরিদপুর থেকে “নির্ধারিত আবেদন ফরম” ও “ঘোষনাপত্র ফরম” সংগ্রহ করে পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি ছবি, জাতীয় পরিচয়পত্র, নাগরিক সনদ, ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ, ব্যাংক স্টেটমেন্ট ও ঘরের কাগজসহ (সকল কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদন করতে হবে এবং তা আগামী ২০/০৯/২০২৩খ্রি তারিখ বিকাল ০৩.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে বা সরাসরি জমা দিতে হবে;
- আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা এবং বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে;
- এই বিজ্ঞপ্তি যেকোন সময় বাতিল/সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোহাম্মদ আফজাল হোসেন)


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও

সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
চরভদ্রাসন, ফরিদপুর।
তারিখ: ০৪/০৯/২০২৩খ্রি.

স্মারক নং ১৩.০১.২৯২১.০০২.৫৭.০০২.২২-২৯০(১২)

সদয় জ্ঞাতার্থে:-

- জেলা প্রশাসক, ফরিদপুর।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।
- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ চরভদ্রাসন, ফরিদপুর।
- মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
- চেয়ারম্যান/সচিব, চরভদ্রাসন/ চর হরিরামপুর ইউনিয়ন পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, চরভদ্রাসন এলএসডি, চরভদ্রাসন, ফরিদপুর।
- খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর।
- জনাব -----
- নোটিশ বোর্ড।
- দপ্তর নথি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
চরভদ্রাসন, ফরিদপুর।